

ফতওয়া নং ৩৮৯

প্রশ্ন:

স্বামীর ইমামতিতে স্ত্রী নামাজ পড়তে পারবে বা বাচ্চাদেরকে পিছনে রেখে স্ত্রীকে রেখে স্বামী ইমামতি করতে পারবে ?

উত্তর:

স্বামীর ইমামতিতে স্ত্রী ও সন্তানদের নামায শুদ্ধ হবে। এক্ষেত্রে স্ত্রী ও মেয়েদেরকে ছেলেদের পিছনে দাঁড় করাতে হবে এবং মহিলাদের ইমামতির নিয়্যাতও করতে হবে। তবে মহিলাদেরকে ইমামতি করার ক্ষেত্র সাধারণত হয়না। কারণ, পুরুষদের কর্তব্য হলো, ফরয নামায মাসজিদের জামাআতের সঙ্গে আদায় করা; উপযুক্ত কারণ ব্যতীত বাড়িতে পড়া অন্যায। আর মহিলাদের নিয়ম বাড়িতে নামায পড়া। (কিতাবুল মাসাইল ১/২৮৯, জামিউল ফাতাওয়া ৫/২৬৮)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৪ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (01/06/2024)